উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

**জুলাই ২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: ওবায়দুর রহমান বেলাল<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৮ জুলাই ২০২২ খ্রি:। |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর পক্ষে মেডিকেল অফিসার ডা: শামীম ইফতেখার সভায় জানান, ১৯ জুলাই সারা বাংলাদেশের প্রতিটি ওয়ার্ড-এ বুস্টার ডোজ টিকার লক্ষ্যমাত্রা সফলভাবে অর্জিত হয়েছে (১ম ডোজ ৭২% এবং ২য় ডোজ ৭০%)। কালাজ্বর নিমূলের লক্ষে কালাজ্বর আক্রান্ত রোগীদের বহমূল্যে ঔষুধ সম্পূর্ণ বিনামূল্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্যসেবার মান নিশ্চিতকরণসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ সভায় জানান, প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা মহোদয় উপজেলা পর্যায়ে গ্রাম সড়কসমূহে ইনভেন্টরী হালনাগাদ করার জন্য পত্র প্রদান করেছেন। সেমতে উপজেলা প্রকৌশলী বিভিন্ন ইউনিয়নের সকল গ্রাম সড়কসমূহের ইনভেন্টরী হালনাগাদ করার জন্য কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। গ্রামীণ সড়কের ইনভেন্টরী হালনাগাদ করা না হলে "আমার গ্রাম আমার শহর" শীর্ষক প্রকল্পসহ অন্যান্য প্রকল্প বাস্তবায়নে ব্যাঘাত ঘটবে। ফলে পল্লী অবকাঠামো উন্নয়নের কাঙ্খিত সুফল গ্রামীণ জনগণের নিকট পৌছানো দু:সাধ্য হয়ে পড়বে। এমতাবস্থায়, গ্রামীণ সড়কসমূহে ইনভেন্টরী হালনাগাদ কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর এর প্রস্তাব মোতাবেক গ্রামীণ সড়কসমূহের যথাযথভাবে ইনভেন্টরী হালনাগাদ করার জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর দাখিলকৃত চলতি জুলাই/২০২২ মাসে তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নরূপ:<br>রাজস্ব আদায় = ২২,৩৫০/-<br>চিকিৎসা (গবাদি পশু) =৪৬৫৭ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ৪৩৭৮৩ টি,<br>কৃত্রিম প্রজনন = ৭৪৫ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ৩১১ টি।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উপলক্ষে খরকা বিলে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে এবং মৎস্যচাষী, মৎস্যজীবিদের সমন্বয়ে জুলাই/২০২২ মাসে র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। ৪০ জন মৎস্যচাষীকে প্রশিক্ষণ প্রদানসহ জাটকা নিধনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহৃত আছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে জুলাই/২০২২ মাসে স্থায়ী বন্ধাকরণ-০০ জন, আইইউডি-১১ জন, ইমপ্লান্ট-৫০ জন, ইনজেকশন-৫১৮ ভায়েল, খাবার বড়ি (সুখী)-৯৯৮০ চক্র, কনডম-১২৩৪৪ পিছ, ইসিসি-১৯ জন এবং প্রতিষ্ঠানিক ডেলেভারী-১২ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে স্বাস্থ্যসেবার মান জোরদার করাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,মাদারগঞ্জ। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এ উপজেলায় ছাত্রছাত্রীদের ইউনিক আইডির কার্যক্রম চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চলতি জুলাই/২০২২ মাসের-<br>১. অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি খাতে বিভিন্ন স্তরের ৫৫ জন শিক্ষার্থীর তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়েছে।<br>২. রোগী কল্যান সমিতির আওতায় দরিদ্র অসহায় রোগীদের মাঝে বিনামূল্যে ঔষুধ বিতরণ করা হচ্ছে।<br>৩। ক্ষুদ্রঋণ কার্যক্রম অব্যাহত আছে।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত PRDP-3 প্রকল্পের বরাদ্দ পাওয়া যায়নি। চলতি মাসে ৬,৬০,০০০/-(ছয় লক্ষ ষাট হাজার) টাকা ঋণ সহায়তা প্রদান, আদায় ২৩,০০০/-(তেইশ হাজার) টাকা, খেলাপী ঋণ আদায় ২৯,০০০/-টাকা, সঞ্চয় ৬৮,০০০/- টাকা আদায় করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অপ্রাতিষ্ঠানিক ভ্রাম্যমান প্রশিক্ষণের কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা হবে। তাছাড়া ঋন আদায় এবং বিতরণ কার্যক্রম চলমানসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় দুটি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: রয়েছে। উক্ত সমিতির অনুকূলে ২(দুই) কোটি ৪০ (চল্লিশ লক্ষ) টাকা ঋন প্রদান করা হয়েছে। তাছাড়া সমিতিতে ২০০ জন সফলভোগী রয়েছে। উক্ত সমিতিতে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের জুলাই/২০২২ মাসের কার্যক্রমসমূহ :<br>১। ভিজিডি : বরাদ্দ না পাওয়ায় ডি.ও প্রদান করা হয়নি।<br>২। মাতৃত্বকালীন ভাতা : নতুনভাবে বরাদ্দ পাওয়া যায়নি। পুরাতন ভাতাভোগীদের অর্থ প্রদান কার্যক্রম চলমান আছে।<br>৩। প্রশিক্ষণ : WTC ও IGA প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>৪। ল্যাকটেটিংক মাদার সহায়তা তহবিল : উক্ত কর্মসূচির আওতায় মাদারগঞ্জ পৌরসভায় কার্যক্রম চলমান আছে।<br>৫। ক্লাব : কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে।<br>অপরদিকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিডি চাউল বিতরণসহ অন্যান্য ভাতা বিতরণ কার্যক্রমে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ | উপ সহকারি পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের দপ্তরের জুলাই/২০২২ মাসের<br>ঋণ বিতরণ : ৬০.৫০ লক্ষ টাকা<br>আদায় : ৫০.৮০ লক্ষ টাকা<br>আদায়ের হার : ৯৬%<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা বন বিভাগ | ফরেস্টার, মাদারগঞ্জ,জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তার দপ্তরের জুলাই/২০২২ মাসের<br>MF ঋণ বিতরণ : ৫০.০০ লক্ষ টাকা<br>আদায় : ৬২.০০ লক্ষ টাকা<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডোর টু ডোর উঠান বৈঠক কার্যক্রম চলমান আছে। তাছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ইমাম মুয়াজ্জিন কল্যান ট্রাস্ট সমিতির আওতায় ০২ জন সামর্থবান ইমামকে সুদমুক্ত ঋণ বিতরণ করা হয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দ পাওয়ার জন্য উপজেলা মূল্যায়ন করা হবে। তাই এ বিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান ও স্ব স্ব ইউপি চেয়ারম্যানগণকে বিভাগীয় কার্যক্রম আগস্ট/২০২২ মাসের মধ্যে স্ব স্ব ওয়েব পোর্টালে আপডেট করার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৭. | বিবিধ আলোচনা | ক. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ৫ নং জোড়খালী ইউনিয়নের দিঘলকান্দি করিমুজ্জামান তালুকদার আলিম মাদ্রাসার বারান্দা ও আসবাবপত্র সরবরাহ কাজের জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুমোদন পূর্বক ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত তহবিল হতে প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত তহবিল হতে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ,জামালপুর। |
| | | খ. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজটি মাননীয় সংসদ সদস্য জনাব মির্জা আজম এম.পি মহোদয়ের নির্দেশনা মোতাবেক করার হয়েছে। উক্ত কাজের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর হতে ১১-০৮-২০২২ খ্রি: তারিখ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়। প্রাক্কলন অনুমোদন পূর্বক ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ,জামালপুর। |
| | | গ. জনাব সুজা মিক্রা, চেয়ারম্যান, ৫ নং জোড়খালী ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পরিষদের দক্ষিন পার্শ্বে অবস্থিত খরকা বিলে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করা হচ্ছে। মাননীয় সংসদ সদস্য জনাব মির্জা আজম এম.পি মহোদয়ের প্রচেষ্টায় কাজগুলো বাস্তবায়ন করা হচ্ছে। তৎপ্রেক্ষিতে খরকা বিলের নাম পরিবর্তন করে মির্জা আজম খরকা ঝিল-এ নামকরণ করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের দক্ষিন পার্শ্বে অবস্থিত খরকা বিলের নাম পরিবর্তন করে মির্জা আজম খরকা বিলের নামকরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ মাদারগঞ্জ,জামালপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| | | ঘ. জনাব ইলিশায় রিছিল, উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২৫ টি বন্যার্ত পরিবারের মাঝে (চাউল-১০ কেজি, ডাল-১ কেজি, তেল-১ লিটার) স্থানীয় বাজার হতে ক্রয় করে বিতরণ করা হয়েছে। ক্রয়কৃত মালামালের ২৪,৫০০/-(চব্বিশ হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধের জন্য সভায় প্রস্তাব করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ক্রমিক নং ৩ এর "ঘ" অপ্রত্যাশিত খাত হতে ২৪,৫০০/-টাকা ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৮.০৭.২০২২

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৭৩১/১(৪০)

তারিখ ঃ ২৮ জুলাই ২০২২ খ্রি:।

কার্যার্থে অনুলিপি ঃ

১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . . . . . . .ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৭৩১/১(০৮)

তারিখ ঃ ২৮ জুলাই ২০২২ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ

১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৬। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৮। অফিস কপি।

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৩১.০০১.২০-৭০২(৫০) তারিখ : ০৫ শ্রাবণ ১৪২৯
২০ জুলাই ২০২২খ্রি:।

## বিজ্ঞপ্তি

জুলাই ২০২২ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লেখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৭-০৭-২০২২ খ্রি: | সকাল : ১১.০০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ২৭-০৭-২০২২ খ্রি: | দুপুর : ১২.০০ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ২৭-০৭-২০২২ খ্রি: | দুপুর: ১২.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ২৭-০৭-২০২২ খ্রি: | দুপুর : ১২.১৫ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ২৭-০৭-২০২২ খ্রি: | দুপুর ১২.২০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ২৭-০৭-২০২২ খ্রি: | দুপুর: ১২.৩০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

উল্লেখ্য যে, দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিংয়ের রেজুলেশন ২৬-০৭-২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

প্রাপকঃ ১। উপজেলা..........................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান........................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব .........................................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১। আলহাজ মির্জা আজম, মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩ ও উপদেষ্টা উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।
২। জেলাপ্রশাসক, জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

২৮ জুলাই ২০২২ তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা

| ক্রমিক নং | নাম ও পদবি (জন প্রতিনিধি) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১। | জনাব মোঃ ওবায়দুর রহমান বেলাল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২। | জনাব মোঃ হুমায়ুন কবীর ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর | |
| ৩। | জনাব [illegible] বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ৪। | জনাব মির্জা গোলাম কিবরিয়া, মেয়র মাদারগঞ্জ পৌরসভা | |
| ৫। | চেয়ারম্যান, ১ নং চরপাকেরদহ ইউপি, মাদারগঞ্জ | |
| ৬। | " ২নং কড়ইচুড়া ইউপি, মাদারগঞ্জ | |
| ৭। | " ৩ নং গুনারীতলা ইউপি, মাদারগঞ্জ | |
| ৮। | " ৪ নং বালিজুড়ী ইউপি, মাদারগঞ্জ | |
| ৯। | " ৫ নং জোড়খালী ইউপি, মাদারগঞ্জ | ২৮/৭/২২ |
| ১০। | " ৬ নং আদারভিটা ইউপি, মাদারগঞ্জ | |
| ১১। | " ৭ নং সিধুলী ইউপি, মাদারগঞ্জ | |
| ১২। | জনাব মোছাঃ শিরিনা বেগম, সংরক্ষিত সদস্য ১ নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ | |
| ১৩। | জনাব মোছাঃ [illegible] বেগম, সংরক্ষিত সদস্য ৩ নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ। | |
| ১৪। | জনাব বাবু অঞ্জন কুমার সাহা, চেয়ারম্যান ইউ.সি.সি.এ লিঃ, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৫। | কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ মাদারগঞ্জ, জামালপুর। | ২৮/৭/২২ |

| ক্রমিক নং | পদবি (অফিসারগণ) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ২। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর | ২৮.০৭.২০২২ |
| ৩। | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ৪। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ৫। | উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ৬। | উপজেলা মৎস্য অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ৭। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ৮। | উপজেলা সমাজ সেবা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ৯। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ১০। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১১। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১২। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৩। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৪। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৫। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৬। | উপজেলা পরিসংখ্যান অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৭। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৮। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৯। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২০। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২১। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২২। | ফরেস্টার, বন বিভাগ, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২৩। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর | ২৮/০৭/২২ |
| ২৪। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, মাদারগঞ্জ, জামালপুর। | ২৮/০৭/২২ |
| ২৫। | তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | ২৮/০৭/২২ |
| ২৬। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ। | ২৮/০৭/২২ |
| ২৭। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মাদারগঞ্জ। | ২৮/০৭/২২ |
| ২ | [illegible] | |